

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
বাজেট শাখা
www.probashi.gov.bd

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সনঃ জনাব মোঃ নাজীবুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
তারিখঃ ১৬-০৬-২০১৯
সময়ঃ সকাল ১১:০০ টা।
স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

- ০২। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।
- ০৩। কমিটির সভাপতি মন্ত্রণালয়ের সচিব মহোদয় সরকারি কাজে বাইরে থাকায় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভায় সভাপতিত্ব করেন।
- ০৪। সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে নৈতিকতা কমিটির সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ড. মাসুমা পারভীন মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী এ মন্ত্রণালয়ের প্রণীত খসড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০ সকলের অবগতি ও পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন।
- ০৫। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৮-১৯ এর বিষয়ে নির্দেশনা প্রদান এবং ২০১৯-২০ এর খসড়া ও বিভিন্ন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
২০১৯-২০ অর্থ বৎসরের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া চূড়ান্তকরণ।	সকল কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালন করবেন।
জাতীয় শুদ্ধাচার কৌশল (এনএসআই) ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচন।	যুগ্ম সচিব (বাজেট ও অডিট) এনএসআই ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচিত; বিকল্প কর্মকর্তা উপসচিব (বাজেট)।
অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (জিআরএস) বাস্তবায়নকারী কর্মকর্তা নির্বাচন।	অতিরিক্ত সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) জিআরএস কর্মকর্তা নির্বাচিত।
রাইট টু ইনফরমেশন (আরটিআই) ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচন।	উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সংসদ ও সমন্বয় শাখা) আরটিআই ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচিত; বিকল্প কর্মকর্তা জনসংযোগ কর্মকর্তা।
ডেজিগনেটেড আর্কিটেকচার অফিসার নির্বাচন।	যুগ্মসচিব (বাজেট ও অডিট) ডেজিগনেটেড আর্কিটেকচার অফিসার নির্বাচিত; বিকল্প কর্মকর্তা যুগ্মসচিব (প্রশাসন ও সেবা)।
ডেজিগনেটেড অফিসার নির্বাচন।	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সংসদ ও সমন্বয় শাখা) ডেজিগনেটেড অফিসার নির্বাচিত।
২০১৮-১৯ অর্থ বছরের নৈতিকতা কমিটির সুপারিশ প্রদান।	১. ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী-কে সর্বোচ্চ নিষ্ঠার সাথে কাজ করতে হবে। ২. নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। ৩. আরটিআই ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প কর্মকর্তা আগামী ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ বা তথ্য কমিশনের ওয়েবসাইট হতে তথ্য অধিকার আইনের উপর অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করবেন।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ নাজীবুল ইসলাম)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)